



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



125478

নং-বামাশিবো/প্রশাসন/ ৩৩৩২২১২৫৪৭৮১/পাবনা-৫৯/

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৯
২৪ জুন, ২০২২

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

- সূত্র: ১। নং-বামাশিবো/নং-বামাশিবো/প্রশাসন/ ৩৩৩২২১২৫৪৭৮১/পাবনা-৫৯/২৯৫; ২৮/০৩/২০২২ খ্রি.
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৩.৭৬৩৩.০০০.৩৬.০১০.২২.৩৯৮; ১০/০৫/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ফরিদপুর উপজেলাধীন দিঘলীয়া ডিএ. এস. এস আলিম মাদ্রাসার এডহক কমিটির বিরুদ্ধে জনাব আলহাজ্ব মো: রইস উদ্দিন অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনাকে সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র দেয়া। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

তদন্ত কমিটির উপস্থিতিতে বাদী, বিবাদীর সাক্ষ্য ও তাদের কর্তৃক উপস্থাপিত রেকর্ড এবং তথ্য প্রমাণ নিরীক্ষা করে দেখা যায়, ২০১৬ খ্রি. হতে তৎকালীন দিঘলীয়া ডিএ. এস. এস মাদ্রাসা গর্ভাণিৎ বডি/ ম্যানেজিং কমিটির নির্বাচন ও উক্ত কমিটি কর্তৃক শিক্ষক নিয়োগের বিষয় নিয়ে এলাকার গণ্যমান্য ব্যক্তি এবং অধ্যক্ষ ও তার সহযোগীদের মধ্যে দীর্ঘদিন যাবৎ বিরোধ চলে আসছে। বিবাদীগণ ইত:পূর্বে গর্ভাণিৎ বডি/ম্যানেজিং কমিটিতে দায়িত্ব পালনের গৃহীত কার্যক্রমের প্রেক্ষিতে জেলা পাবনার বিজ্ঞ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আমলী ০৬ আদালতে এর মোকাদ্দমা নং-সি আর ৬৮/২০২০ জেলা পাবনার ফরিদপুর উপজেলা সহকারি জজ আদালত এর মোকাদ্দমা নং-অ: ৫৩/২০২০. ২০১৬ সালের গর্ভাণিৎ বডি/ ম্যানেজিং কমিটির অনুমোদন সংক্রান্ত ৩০/০৩/২০১৬ তারিখে অবৈধ প্রজ্ঞাপনের মাধ্যমে ০৪ জন শিক্ষক নিয়োগের সঙ্গে জড়িত থাকায় এবং এডহক কমিটির সভাপতি ও সদস্য সচিব এর বিরুদ্ধে দুদকে তদন্তে প্রক্রিয়াধীন থাকায় তাদের দ্বারা গঠিত কমিটি বাংলাদেশে মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গর্ভাণিৎ বডি/ ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ ও সংশোধনী, ২০১২ এর ১১ (গ) বিধি অনুযায়ী অযোগ্য হওয়ায় বর্তমান এডহক কমিটি গঠনের প্রজ্ঞাপন বাতিল করে পরিচ্ছন্ন ভাবমূর্তি ব্যক্তিদের দ্বারা নতুন এডহক কমিটি গঠন করা যেতে পারে তদন্তকারী কর্মকর্তা মতামত দিয়েছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার মতামতের আলোকে অনুমোদিত এডহক কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... (.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মো: ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

- সভাপতি, দিঘলীয়া ডিএ. এস. এস আলিম মাদ্রাসা
ডাকঘর: দিঘলিয়া, ফরিদপুর, পাবনা।
- অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, দিঘলীয়া ডিএ. এস. এস আলিম মাদ্রাসা
ডাকঘর: দিঘলিয়া, ফরিদপুর, পাবনা।

নং-বামাশিবো/প্রশাসন/ ৩৩৩২২১২৫৪৭৮১/পাবনা-৫৯/

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৯
২৪ জুন, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- জেলা প্রশাসক, পাবনা;
- জেলা শিক্ষা অফিসার, পাবনা;
- উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর, পাবনা
- উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা;
- জনাব আলহাজ্ব মো: রইস উদ্দিন (অভিযোগকারী), গ্রাম: দিঘলীয়া উত্তরপাড়া, ডাকঘর: দিঘলিয়া, উপজেলা: ফরিদপুর, জেলা: পাবনা;
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- অফিস কপি।
-

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd